Registrar Office
Jagannath University
Dhaka-1100, Bangladesh
Tel: (+880-2) 9534255
Fax: (+880-2) 47118449
E-mail: registrar@jnu.ac.bd
website: www.jnu.ac.bd

রেজিস্ট্রার দপ্তর
জগন্নাথ বিশ্ববিদ্যালয়
ঢাকা-১১০০, বাংলাদেশ
ফোন : ৯৫৩৪২৫৫
ফ্যাক্স: (+৮৮০২) ৪৭১১৮৪৪৯

জবি/প্রশা-৩২(৯৬)/২০১০/৩৬

তারিখ: ১০ কার্তিক, ১৪৩৩
২৬ অক্টোবর, ২০২৬

পরিচালক/চেয়ারম্যান
.... ইনস্টিটিউট/বিভাগ
জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।

বিষয়: গবেষণা প্রকল্প প্রস্তাব আহ্বান প্রসঙ্গে।

সূত্র: ৩৭.০১.০০০০.০০০.০৭৩.৪৪.০০০৩.২৫.৩৪৫২ তারিখ: ১২ অক্টোবর, ২০২৬ ইং।

মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক ২০২৬-২০২৭ অর্থবছরের ইউজিসি প্রমোশনাল এবং একাডেমিক স্টাফ ডেভেলপমেন্ট গবেষণাকর্মে সহায়তাদানের লক্ষ্যে দেশের সকল পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের নিকট থেকে গবেষণা প্রকল্প প্রস্তাব আহবান করা হয়েছে। এ প্রেক্ষিতে, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের আগামী ২২/১১/২০২৬ তারিখের মধ্যে **(সংযুক্ত বিজ্ঞপ্তির)** প্রক্রিয়া অনুসরণপূর্বক গবেষণা প্রস্তাব দাখিলের অনুরোধ করা হলো।

উপরোক্ত বিষয়টি আপনার ইনস্টিটিউট/বিভাগের সকল শিক্ষককে অবহিত করাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

উপাচার্য মহোদয়ের আদেশক্রমে,

26/10/26

(অধ্যাপক ড. মোঃ শেখ গিয়াস উদ্দিন)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

সংযুক্তি: ইউজিসি'র বিজ্ঞপ্তির কপি।

জবি/প্রশা-৩২(৯৬)/২০১০/৩৬

তারিখ: ১০ কার্তিক, ১৪৩৩
২৬ অক্টোবর, ২০২৬

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১-৭. ডিন, সকল অনুষদ, জবি
৮. পরিচালক (গবেষণা), জবি
৯. পরিচালক, আইসিটি সেল (ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ), জবি
১০. ডেপুটি রেজিস্ট্রার ও পিএস টু ভিসি, উপাচার্য দপ্তর, জবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)
১১ ডেপুটি রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর, জবি (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য)
১২ অফিস কপি।

26.10.2026
(সোহানা আক্তার)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন-২)।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
website: www.ugc.gov.bd

স্মারক নং : ৩৭.০১.০০০০.০৭৩.৪৪.০০৪.২২ তারিখঃ ২৭ আশ্বিন ১৪৩৩ / ১২ অক্টোবর ২০২৬

বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক ২০২৬-২০২৭ অর্থবছরে ইউজিসি প্রমোশনাল এবং একাডেমিক স্টাফ ডেভেলপমেন্ট গবেষণাকর্মে সহায়তা প্রদানের জন্য দেশের সকল পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের নিকট থেকে অনলাইনে নির্ধারিত ফরমে গবেষণা প্রকল্প প্রস্তাব আহ্বান করা যাচ্ছে।

গবেষণা প্রকল্পের ধরন	প্রকল্পের সর্বোচ্চ অনুদান	
	বিজ্ঞান ও প্রযুক্তি শাখা	কলা, সামাজিক বিজ্ঞান ও বিজনেস শাখা
প্রমোশনাল গবেষণা প্রকল্প	সর্বোচ্চ ৭.০০ লক্ষ টাকা	সর্বোচ্চ ৫.০০ লক্ষ টাকা
একাডেমিক স্টাফ ডেভেলপমেন্ট গবেষণা প্রকল্প	সর্বোচ্চ ১০.০০ লক্ষ টাকা	সর্বোচ্চ ৮.০০ লক্ষ টাকা

আবেদনকারীর যোগ্যতা:

প্রমোশনাল গবেষণা: পূর্ণকালীন প্রভাষক/সহকারী অধ্যাপক হতে হবে এবং স্বীকৃত ইনডেক্সড জার্নালে ন্যূনতম ২ (দুই)টি প্রবন্ধ থাকতে হবে।

একাডেমিক স্টাফ ডেভেলপমেন্ট গবেষণা: পূর্ণকালীন সহযোগী অধ্যাপক/অধ্যাপক হতে হবে এবং স্বীকৃত ইনডেক্সড জার্নালে ন্যূনতম ৫ (পাঁচ)টি গবেষণা প্রবন্ধ থাকতে হবে, যার মধ্যে কমপক্ষে ২ (দুই)টিতে Corresponding/Last Author হতে হবে।

আবেদনের গুরুত্বপূর্ণ শর্তাবলি :

- একজন প্রধান গবেষক একই অর্থবছরে একাধিক ক্যাটাগরিতে প্রকল্প প্রস্তাব দাখিল করতে পারবেন না;
- ইউজিসির অর্থায়নে চলমান গবেষণা প্রকল্পের চূড়ান্ত প্রতিবেদন দাখিল না করা পর্যন্ত নতুন প্রকল্পে আবেদন করতে পারবেন না;
- আবেদন অবশ্যই বিশ্ববিদ্যালয়ের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দাখিল করতে হবে;
- গবেষণা প্রকল্পের অনুদানের অর্থ ব্যয় ও প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন কার্যক্রমের বিষয়ে কমিশন কর্তৃক প্রণীত এ সংক্রান্ত নীতিমালার সকল শর্ত ও নির্দেশনা অবশ্যই অনুসরণ করতে হবে;
- গবেষণা প্রকল্পের মেয়াদ ১ (এক) বছর।

আবেদনের পদ্ধতি:

(ক) প্রকল্প প্রস্তাব অবশ্যই অনলাইনে দাখিল করতে হবে। অনলাইনে দাখিল ব্যতীত কোনো প্রকল্প প্রস্তাব গ্রহণ করা হবে না;

(খ) অনলাইনে সরাসরি https://ugc-research-management.bdren.net.bd লিংক থেকে প্রকল্প প্রস্তাব দাখিল করা যাবে;

(গ) উপরোক্ত লিংক এবং প্রকল্প প্রস্তাব দাখিল-সংক্রান্ত নীতিমালার শর্তাবলি ও প্রয়োজনীয় তথ্যাদি ইউজিসি ওয়েবসাইট (www.ugc.gov.bd)-এ "গবেষণা প্রকল্প/ গবেষণা সহায়তা মঞ্জুরী (গবেষণা প্রকল্প)" ও "অনলাইনে আবেদন (গবেষণা প্রকল্প প্রস্তাব দাখিল)" বিষয়ক দুটি সেবা বক্সে পাওয়া যাবে;

(ঘ) যথাযথভাবে অনলাইনে দাখিলকৃত প্রকল্প প্রস্তাবের ২ (দুই) সেট প্রিন্ট কপি (হার্ড কপি)-যার মধ্যে গবেষক ও বিশ্ববিদ্যালয়ের নাম ও ঠিকানা ব্যতীত ১ (এক) সেট এবং গবেষক ও বিশ্ববিদ্যালয়ের নাম, ঠিকানা ও যথাযথ প্রত্যয়ন/সুপারিশসহ পূর্ণাঙ্গ ১ (এক) সেট (দুটি প্রিন্ট অপশন অনলাইনে বিদ্যমান) রেজিস্ট্রারের মাধ্যমে পরিচালক, রিসার্চ গ্রান্টস অ্যান্ড অ্যাওয়ার্ড ডিভিশন, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর আগামী ২২-১১-২০২৬ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে;

(ঙ) অসম্পূর্ণ কিংবা অপূর্ণাঙ্গ তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে গণ্য হবে।

মোঃ ওমর ফারুখ
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
রিসার্চ গ্রান্টস অ্যান্ড অ্যাওয়ার্ড ডিভিশন
ফোন- ০২-৫৮১৬০২০৮
ই- মেইল: director_research@ugc.gov.bd